গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাবনা সদর, পাবনা
pabnasadar.pabna.gov.bd

নং-০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৪.০০৮.১৯-৭০২

তারিখঃ ১২/০৫/২০১৯ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী পাবনা সদর উপজেলাধীন নিম্নে বর্ণিত ০৮ (আট) টি ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডের মহল্লাদারের শূন্য পদে লোক নিয়োগের জন্য পাবনা সদর উপজেলাধী স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী নাগরিকদের/বাসিন্দাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | শূন্য পদের বিবরণ | শূন্য পদের সংখ্যা | যে ওয়ার্ডে শূন্য তার ওয়ার্ড নম্বর | বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | গয়েশপুর | মহল্লাদার | ০১ (এক) টি | ০১ নং ওয়ার্ড | ইউনিয়ন পরিষদ কর্তৃক ৫০% এবং সরকার কর্তৃক ৫০% বেতন ও বিধি মোতাবেক ভাতাদি পরিশোধ করা হবে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | আতাইকুলা | মহল্লাদার | ০১ (এক) টি | ০৩ নং ওয়ার্ড | | |
| ০৩ | সাদুল্লাপুর | মহল্লাদার | ০২ (দুই) টি | ০৪ ও ০৭ নং ওয়ার্ড | | |
| ০৪ | চরতারাপুর | মহল্লাদার | ০১ (এক) টি | ০৭ নং ওয়ার্ড | | |
| ০৫ | ভাঁড়ারা | মহল্লাদার | ০২ (দুই) টি | ০১ ও ০৮ নং ওয়ার্ড | | |
| ০৬ | দোগাছী | মহল্লাদার | ০১ (এক) টি | ০৭ নং ওয়ার্ড | | |
| ০৭ | হেমায়েতপুর | মহল্লাদার | ০১ (এক) টি | ০১ নং ওয়ার্ড | | |
| ০৮ | দাপুনিয়া | মহল্লাদার | ০২ (দুই) টি | ০২ ও ০৭ নং ওয়ার্ড | | |
| | | মোট | ১১ (এগার) টি | | | |

## শর্তাবলী

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদের নাগরিক এবং পাবনা সদর উপজেলোধীন স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। ইউনিয়নের ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।

০২। আবেদনকারী/আবেদনকারিনী কোন বিদেশীকে বিবাহ করলে বা বিবাহের প্রতিশ্রুতিবদ্ধ হলে তার আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে স্পষ্টাক্ষরে ১. নাম ২. পিতা/স্বামীর নাম ৩. মাতার নাম ৪.স্থায়ী ঠিকানা ৫. বর্তমান ঠিকানা ৬. ইউনিয়নের নাম ৭. ওয়ার্ড নম্বর ৮. জন্ম তারিখ ৯. বয়স (১২/০৬/২০১৯ খ্রিঃ তারিখে) ১০. জাতীয়তা ১১. ধর্ম ১২. বিশেষ কোটা (সাধারণ/মুক্তিযোদ্ধা/পোষ্য/এতিম/উপজাতি/আনসার ভিডিপি কোটা যে কোন একটি লিখতে হবে) ১৩.অভিজ্ঞতা (যদি থাকে) ১৪.শিক্ষাগত যোগ্যতা ১৫. উচ্চতা ১৬. বুকের মাপ ১৭.ওজন ১৮. ফোন নম্বর উল্লেখপূর্বক দাখিল করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম, পদবী ও সীল সম্বলিত) প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম, পদবী ও সীল সম্বলিত) সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
ঙ) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা'র অনুকূলে তফশীলি ব্যাংক হতে অফেরযোগ্য ১০০/=(একশত) টাকার পে-অর্ডার।
চ) বিশেষ কোটা হলে এ সম্পর্কিত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদের সত্যায়িত কপি।
ছ) অভিজ্ঞতা (যদি থাকে) সনদের সত্যায়িত কপি।
জ) জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র।

০৫। আবেদন আগামী ১২/০৬/২০১৯ খ্রিঃ তারিখে বিকাল ৫.০০ টার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাবনা সদর পাবনায় পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সমূহ বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।

০৬। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৭। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

০৮। প্রার্থীর বয়স ১২/০৬/২০১৯ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনের সাথে উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।

১০। প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে পিতামহের/মাতামহের মুক্তিযোদ্ধা সনদপত্রের ছায়ালিপি এবং তার সাথে সম্পর্কের প্রমানপত্র সংযুক্ত করতে হবে।

১১। এতিমখানার নিবাসী প্রার্থীদের ক্ষেত্রে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর/উপজেলা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

১২। পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

১৩। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে আবেদনের সাথে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-২

১৪। উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৫। আবেদনে ও খামের উপর কোটার নাম এবং পদের নাম উল্লেখ করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী বলে গণ্য করা হবে।

১৬। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। জেলার সিভিল সার্জন কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড হতে স্বাস্থ্যগত সনদ বিবেচনায় এবং বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্তে পরিষদে চাকুরীতে নিয়ুক্তির জন্য অনুপযুক্ত নহেন মর্মে প্রত্যয়নের ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

১৮। আবেদনকারীর আবেদনে স্বাক্ষর করতে হবে।

১৯। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সরকারি নির্দেশনার আলোকে কোন শর্ত সংযোজন, বিয়োজন, নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল বা নিয়োগের বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ জয়নাল আবেদিন
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোনঃ ০৭৩১-৬৫৪০৩
E-mail-unopabna@mopa.gov.bd

নং-০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৪.০০৮.১৯-৭০২/(৫০) তারিখঃ ১২/০৫/২০১৯ খ্রিঃ

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০২। পরিচালক, স্থানীয় করকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। জেলা প্রশাসক, পাবনা
০৪। পুলিশ সুপার, পাবনা
০৫। সিভিল সার্জন, পাবনা
০৬। অতিরিক্ত জেলা প্রসাশক (সার্বিক), পাবনা
০৭। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, পাবনা
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা

**অনুলিপিঃ সদয় অবগতি/নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
১০। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা
১১। সিনিয়র জেলা তথ্য অফিসার, পাবনা
১২। সহকারী কমিশনার (ভূমি), পাবনা সদর, পাবনা
১৩। উপজেলা ..............................................................কর্মকর্তা, পাবনা সদর, পাবনা
১৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা সদর, পাবনা। বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে, উপজেলা ফেসবুক পেইজে ও জেলা সিটিজেন চার্টারে প্রকাশের/প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। অফিসার ইন-চার্জ, পাবনা সদর/আতাইকুলা থানা, পাবনা
১৬। সাব-রেজিস্টার, পাবনা সদর, পাবনা
১৭। চেয়ারম্যান (সকল).......................................ইউনিয়ন পরিষদ, পাবনা সদর, পাবনা। বিজ্ঞপ্তিটি ইউনিয়ন তথ্য বাতায়নে প্রদানসহ ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান এবং হাট-বাজারে মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................................ইউনিয়ন ভূমি অফিস, পাবনা সদর, পাবনা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৯। অফিস কপি/নোটিশ বোর্ড

উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা